দৈনিক
ইত্তেফাক

তারিখ 13 MAR 2015
পৃষ্ঠা ১৫ কলাম ২

# অধ্যক্ষের বিরুদ্ধে অর্থ আত্মসাতের অভিযোগে দুদকের তদন্ত শুরু

■ স্টাফ রিপোর্টার, দিনাজপুর

দিনাজপুরে দুর্নীতি দমন কমিশন ঘোড়াঘাট ডিগ্রি কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে ১৬ লাখ ৩৫ হাজার ৮৯৫ টাকা আত্মসাতের অভিযোগে অনুসন্ধান শুরু করেছে।

দুর্নীতি দমন কমিশন সমন্বিত জেলা কার্যালয় দিনাজপুরের উপ-পরিচালক মোঃ আব্দুর করিম জানান, ঘোড়াঘাট ডিগ্রি কলেজের অধ্যক্ষ এসএম মনিরুল ইসলামের বিরুদ্ধে কলেজের আর্থিক অনিয়ম, দুর্নীতি ও স্বজনপ্রীতির অভিযোগ উঠেছে। এ কারণে কলেজ শিক্ষক প্রতিনিধি হাফিজুর রহমান অধ্যক্ষকে আসামি করে গত বছর ২ এপ্রিল জেলা ও দায়রা জজ আদালতে দুর্নীতি দমনের সংশ্লিষ্ট ধারায় মামলা দায়ের করেন। বিচারক মামলাটি দুর্নীতি দমন কমিশন জেলা কার্যালয়কে আইনানুগ তদন্ত কার্যক্রম সম্পন্ন ও ব্যবস্থা গ্রহণের আদেশ প্রদান করেন। দুর্নীতি দমন সদর দপ্তর থেকে আদেশ প্রাপ্ত হয়ে উপ-পরিচালক মোঃ আব্দুল করিম নিজেই বিষয়টি অনুসন্ধান কার্যক্রম শুরু করেছেন। গতকাল বৃহস্পতিবার এই ঘটনার বিষয়ে অভিযোগকারী শিক্ষক প্রতিনিধি ও ঘটনার বিষয়ে অবগত সংশ্লিষ্টদের জবানবন্দী গ্রহণ এবং প্রয়োজনীয় তথ্য সম্বলিত কাগজপত্র গ্রহণ করেছেন।